

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
 ০২। লিকেজ স্থানের আলোকচিত্র।
 ০৩। প্রাক্কলন।

বিষয়: Leakage Repairing work of 12" PVC pipe in front of Newmarket Thana at Katabon road under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজটির অনুমোদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সরেজমিনে সাইট পরিদর্শন করে দেখা যায় যে, কাঁটাবন সড়কে নিউমার্কেট থানা এর সন্মুখে ১২" ব্যাসের পিভিসি পানির লাইনে লিকেজ হয়ে প্রচুর পরিমাণে পানি অপচয় হচ্ছে। অত্র রাস্তায় প্রতিদিন বিভিন্ন ভিআইপি ব্যক্তিবর্গ সহ প্রচুর যানবাহন চলাচল করে। বিষয়টি ট্রাফিক বিভাগ এবং থানা হতে মডস জোনকে ফোনের মাধ্যমে অবহিত করা হয়। লিকেজের ফলে রাস্তায় গর্তের সৃষ্টি হয়ে যানবাহন ও পথচারী চলাচলে মারাত্মক অসুবিধা হচ্ছে। এছাড়া রাস্তায় গর্তের সৃষ্টি হওয়ায় এবং ভিআইপিদের চলাচল থাকায় ট্রাফিক নিয়ন্ত্রণেও সমস্যার সৃষ্টি হচ্ছে। লিকেজটি প্রধান সড়কে হওয়ায় এবং পানি অপচয় রোধকল্পে অতি জরুরীভাবে মেরামত করা একান্ত প্রয়োজন।

০২। উক্ত কাজটি জরুরী ভিত্তিতে ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসা এবং বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলিত টাকার পরিমান ৪৮,৯৪৭.৩০ (আটচল্লিশ হাজার নয়শত সাতচল্লিশ দশমিক তিন শূন্য) টাকা মাত্র (ক্রঃ নং-৩)। আলোচ্য কাজটি জরুরী ভিত্তিতে করার লক্ষ্যে পিপিআর-২০২৫ এর বিধি ৯৯(১/ড) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) তে সম্পন্ন করা যেতে পারে। এই কাজটির ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৬-২৭ খ্রিঃ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার পানির লাইন রক্ষণাবেক্ষণ (ক্রঃ নং-বি.১৩.২(৩৯), কোড নং-০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি করার জন্য মেসার্স রাইসা রাহি এন্ড কোং এর সাথে মৌখিক যোগাযোগ করা হলে তিনি উল্লিখিত দরে কাজটি করতে রাজি আছেন বলে জানান। আলোচ্য কাজের আর্থিক অনুমোদন ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে Leakage Repairing work of 12" PVC pipe in front of Newmarket Thana at Katabon road under MODS Zone-3, Dhaka WASA. কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৪৮,৯৪৭.৩০ (আটচল্লিশ হাজার নয়শত সাতচল্লিশ দশমিক তিন শূন্য) টাকার প্রাক্কলনটি অনুমোদন;








খ) পিপিআর-২০২৫ এর বিধি ৯৯(১/ড) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) তে অভিজ্ঞ ঠিকাদার মেসার্স রাইসা রাহি এন্ড কোং এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন;


গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (ক্রঃ নং-বি.১৩.২(৩৯), কোড নং-০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উপস্থাপিত প্রস্তাব সমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।



01.09.26
অশোক কুমার হালদার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।


1.9.26
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।


02/9/2026
সালেহ মোহাম্মদ তাওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।


01/09/26
SE, MODS ECR-1.

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।


08.09.2026
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE MODS-1

৬৭০/সি.সি.
০৯/৯/২৬

